

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটি ফেব্রুয়ারী/ ২০২২ মাসে সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোছাঃ পারুল বেগম

ভাইস-চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।

স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, নবাবগঞ্জ, দিনাজপুর।

তারিখঃ ২৩.২.২০২২খ্রি.

সময়ঃ ১১.১৫ ঘটিকায়।

আলোচ্য বিষয় সমূহঃ

১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

২। উপজেলার বর্তমান মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত পরিস্থিতি পর্যালোচনা


৩। বিবিধ

সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর পরিশিষ্ট “ক” তে দেখানো হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানোর জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নবাবগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ জানান। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। তাতে কোন সংশোধনী না থাকায় দৃঢ়করণ করা হয়।

সদস্য সচিব জানান তার দপ্তরের কার্যক্রম সঠিক ভাবে চলছে। অত্র উপজেলায় ৯ টি ইউনিয়নের ২০২০-২০২১ ডিজিডি চক্রের জানুয়ারী/২০২২ খ্রি. মাসের দুই বছর ডিজিডি কর্মসূচির খসড়া সূত্রে বিতরণ করা হয়। ২৩৪৮ জন জন দুঃস্থ অসহায় মহিলা প্রতিমাসে ৩০ কেজি চাল খাদ্য সহায়তা পাচ্ছে। নয়টি ইউনিয়নে দরিদ্র মার জন্য মাতৃত্বকাল চক্র কার্যক্রম সূত্রে বিতরণ হচ্ছে। তিনি সভায় আরো জানান আইজিএ প্রকল্পের ২টি ট্রেন্ডের মধ্যে ১টি ট্রেন্ডের প্রশিক্ষক না থাকায় ১টি ট্রেন্ডে প্রশিক্ষণ হয় শতরশ্মি ও হস্তশিল্প ১০তম ২টি ব্যাচে জানুয়ারী/২২ খ্রি. হতে মার্চ/২২ খ্রি. ৫০ জন মহিলার প্রশিক্ষণ শেষ হবে। এপ্রিল/২২ খ্রি হতে জুন/২২ পর্যন্ত ১৪তম ব্যাচে প্রশিক্ষণ শুরু হবে। বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়। ৩ মাস পর পর এ প্রশিক্ষনের আবেদন গ্রহন করা হয়। প্রশিক্ষণ গ্রহনে ইচ্ছুক মহিলাদের অবহিত করনের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান হয় এবং উপজেলা কমিটিতে উপস্থাপনের সুপারিশ করেন।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



২৩/২/২০২২

মোছাঃ পারুল বেগম

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটি

ও

ভাইস-চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ

নবাবগঞ্জ দিনাজপুর।